

দেশের প্রথম ক্ষুদ্র স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা'র গ্রাউন্ড স্টেশন উদ্বোধন

প্রকাশ : ২৫ মে, ২০১৭ ১৬:১৭:৫৪



ঢাকা, ২৫ মে, এবিনিউজ : ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের চার নম্বর ভবনের ছাদে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের তৈরি দেশের প্রথম ক্ষুদ্র স্যাটেলাইট 'ব্র্যাক অন্বেষা'র গ্রাউন্ড স্টেশনটি স্থাপন করা হয়েছে। আজ বৃহস্পতিবার ব্র্যাকের প্রতিষ্ঠাতা স্যার ফজলে হোসেন আবেদ আনুষ্ঠানিকভাবে গ্রাউন্ড স্টেশনটির উদ্বোধন করেন।

'ব্র্যাক অন্বেষা' উৎক্ষেপণ করলে প্রথম কোনো স্যাটেলাইট মহাকাশে পাঠাবে বাংলাদেশ। আর এই ক্ষুদ্র স্যাটেলাইট কক্ষপথে স্থাপনের মধ্য দিয়ে মহাকাশের সঙ্গে সরাসরি বিভিন্ন যোগাযোগ করা শুরু হবে।

গ্রাউন্ড স্টেশনটি স্থাপনের মধ্য দিয়ে পরিপূর্ণভাবে কাজ করতে দলটি প্রস্তুত রয়েছে বলেও জানান তারা। প্রকল্পটির উপদেষ্টা ও বিশ্ববিদ্যালয়টির সহযোগী অধ্যাপক খলিলুর রহমান।

গ্রাউন্ড স্টেশন উদ্বোধনী বক্তব্যে স্যার ফজলে হাসান আবেদ গবেষণায় সরকারি সহযোগিতা বৃদ্ধির আহ্বান জানান। তিনি বলেন, দেশে প্রচুর সম্ভাবনা রয়েছে যাকে কাজে লাগাতে হবে।

এক কেজি ওজনের এই স্যাটেলাইটটি আকারে ১০ সেন্টিমিটার। আর এটি মহাকাশে পাঠালে পৃথিবী থেকে ৪০০ কিলোমিটার উঁচুতে স্থাপন করা হবে। আর এটি ৯০ মিনিটে একবার করে পৃথিবী প্রদক্ষিণ করতে সক্ষম। সেই হিসাবে দিনে চার থেকে ছয়বার বাংলাদেশের উপর দিয়ে যাবে।

আগামী মাসে এটি মহাকাশে উৎক্ষেপণের কথা রয়েছে।

স্যাটেলাইটটির মূল কাজ হবে গবেষণায়। দুর্যোগের পূর্বাভাস ও উচ্চমানের ছবি পাঠাতে সক্ষম হবে ব্র্যাক অন্বেষা। বিশ্ববিদ্যালয়ে তিনজন শিক্ষার্থী আব্দুল্লাহ হিল কাফি, রায়হানা শামস ইসলাম অন্তরা এবং মাইসুন ইবনে মনোয়ার জাপানের কিউশু ইন্সটিটিউট অব টেকনোলজিতে ন্যানো স্যাটেলাইটটি তৈরি করেছেন।

এবিএন/জনি/জসিম/জেডি

প্রধান সম্পাদক : সুভাষ সিংহ রায়

সম্পাদকীয় কার্যালয় : ১২৮/৪, পূর্ব তেজতুরি বাজার, তৃতীয় তলা, কারওয়ান বাজার (লা ভিসি হোটেলের পেছনে), ঢাকা-১২১৫ ইটলাইন- ০১১৯২ ০৪৩৮১০, সারাদেশ: ০১১৯২ ০৪৩৮০৯, ফোন : পিএবিএক্স- ৮৮-০২-৯১০১৯৪৪ ফ্যাক্স : +৮৮ ০২ ৯১৩৭০৭৮,

ইমেইল : infoabnews@gmail.com

Design & Developed by Orangebd.com

Print